

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে '৪র্থ শিল্প বিপ্লব ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে আমাদের করণীয়' শীর্ষক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কর্মকর্তাদের নিয়ে '৪র্থ শিল্প বিপ্লব ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে আমাদের করণীয়' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (২১ জানুয়ারি ২০২৩) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, রেজিস্ট্রার (অ.দা.) মোহাম্মদ জসীম উদ্দিন, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন। অনুষ্ঠানটি সভাপতিত্ব ও সম্বলনা করেন নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ারুল বাশার। রিসোর্স পার্সন হিসেবে ছিলেন, ডাটা সফট সিস্টেমস বাংলাদেশ লিমিটেডের প্রেসিডেন্ট জনাব মোহাম্মদ মনজুর মাহমুদ।

প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'আমাদের একটি মেধাবী প্রজন্ম রয়েছে, তারা চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবে। আমাদেরকে নতুন নতুন প্রযুক্তির সাথে প্রতিনিয়ত নিজেকে খাপ খাওয়াতে হবে। ইচ্ছা শক্তিকে কাজে লাগাতে হবে। তখনই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশনগুলো বাস্তবায়িত হবে। ৪র্থ শিল্প বিপ্লবের সুযোগকে কাজে লাগাতে হলে আমাদের প্রধানতম লক্ষ্য হতে হবে ৪র্থ শিল্প বিপ্লবের উপযোগী সুদক্ষ মানবসম্পদ সৃষ্টি করা। আর এ জন্য বিশ্ববিদ্যালয়গুলোকে নেতৃত্বের ভূমিকায় আসতে হবে, যেন প্রতিটি ক্ষেত্রে আমরা উন্নতি করতে পারি। এই আয়োজনের সফলতা কামনা করছি এবং প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী সবাইকে অভিনন্দন জানাচ্ছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু'।

অনুষ্ঠানে নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, 'বিশ্বায়নের এই যুগে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য আমাদেরকে প্রস্তুত থাকতে হবে। কিভাবে এই বিপ্লবের সাথে নিজেদেরকে খাপ খাওয়াতে হবে, কি প্রস্তুতি নিতে হবে তার ওপরই নির্ভর করছে আমাদের সফলতা-ব্যর্থতা। প্রশিক্ষণের আয়োজক এবং অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।'

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

